প্রেসিডেন্টের মৃত্যু: আরব আমিরাতে ৪০ দিনের রাষ্ট্রীয় শোক ঘোষণা

চেম্বার ডেস্ক:: সংযুক্ত আরব আমিরাতের প্রেসিডেন্ট ও আবুধাবির শাসক শেখ খলিফা বিন জায়েদ আল নাহিয়ানের মৃত্যুতে দেশটিতে ৪০ দিনের রাষ্ট্রীয় শোক ঘোষণা করা হয়েছে। আজ থেকে পতাকা অর্ধনমিত রেখে এই শোক পালন করা হবে।

এসময় পতাকা অর্ধনমিত থাকবে এবং মন্ত্রণালয়, বিভাগ, ফেডারেল এবং স্থানীয় প্রতিষ্ঠানগুলো আজ থেকে কাজ স্থগিত রাখবে। আর বেসরকারি প্রতিষ্ঠানগুলোতে তিন দিনের শোক পালিত হবে। আমিরাতের প্রেসিডেনশিয়াল অ্যাফেয়ার্স মন্ত্রণালয় এই ঘোষণা দিয়েছে।

আমিরারের রাষ্ট্রীয় সংবাদ সংস্থার (ওয়াম) বরাতে এই খবর দিয়েছে আরব নিউজ ও খালিজ টাইমস।

এর আগে শুক্রবার (১৩ মে) সংযুক্ত আরব আমিরাতের প্রেসিডেন্ট ও আবুধাবির শাসক শেখ খলিফা বিন জায়েদ আল নাহিয়ানের মৃত্যুর খবর নিশ্চিত করে দেশটির প্রেসিডেন্ট বিষয়ক মন্ত্রণালয়।

আমিরাতের সরকারি সংবাদ সংস্থা ওয়াম এক বিবৃতিতে জানিয়েছে, প্রেসিডেন্ট বিষয়ক মন্ত্রণালয় সংযুক্ত আরব আমিরাতের প্রেসিডেন্ট শেখ খলিফা বিন জায়েদ আল নাহিয়ানের মৃত্যুতে সংযুক্ত আরব আমিরাতের জনগণ, আরব এবং ইসলামিক জাতি এবং বিশ্ববাসীকে সমবেদনা জানিয়েছে।

শেখ খলিফা বিন জায়েদ আল নাহিয়ান ২০০৪ সালের ৩ নভেম্বর থেকে সংযুক্ত আরব আমিরাতের প্রেসিডেন্ট এবং আবুধাবির শাসক হিসেবে দায়িত্ব পালন করে আসছেন।

তিনি তার বাবা প্রয়াত শেখ জায়েদ বিন সুলতান আল নাহিয়ানের

উত্তরসূরি নির্বাচিত হয়েছিলেন। শেখ জায়েদ ১৯৭১ সালে সংযুক্ত আরব আমিরাত ইউনিয়ন হওয়ার পর থেকে ২০০৪ সালের ২ নভেম্বর মারা যাওয়ার আগ পর্যন্ত আমিরাতের প্রথম প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব পালন করেন।

শেখ খলিফা বিন জায়েদ আল নাহিয়ান ১৯৪৮ সালে জন্মগ্রহণ করেন। তিনি সংযুক্ত আরব আমিরাতের দ্বিতীয় প্রেসিডেন্ট এবং আবুধাবির ১৬তম শাসক ছিলেন। তিনি শেখ জায়েদের বড় ছেলে।